সমুদ্রপথে ইরানের বাণিজ্যে অবরোধ, মার্কিন বাহিনীর দাবি



ছবি: সংগৃহীত

মার্কিন বাহিনী জানিয়েছে, ইরানের সমুদ্রবন্দরগুলো কার্যত অবরুদ্ধ করা হয়েছে, ফলে সমুদ্রপথে বাণিজ্য প্রায় বন্ধ হয়ে গেছে।

তাদের দাবি, অবরোধ শুরুর ৩৬ ঘণ্টার মধ্যেই ইরানে যাওয়া–আসার বাণিজ্যিক কার্যক্রম থেমে যায়। এ সময় আটটি তেলবাহী জাহাজকে ফিরে যেতে বাধ্য করা হয় এবং দুটি জাহাজ আটক করা হয়েছে। অ্যাডমিরাল ব্র্যাড কুপার বলেন, ইরানের অর্থনীতি মূলত সমুদ্রপথের বাণিজ্যের ওপর নির্ভরশীল, তাই এই পদক্ষেপ বড় ধরনের প্রভাব ফেলছে।

বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যম জানিয়েছে, জাহাজগুলোর সঙ্গে রেডিওযোগে যোগাযোগ করে পথ পরিবর্তনের নির্দেশ দেওয়া হয় এবং সব জাহাজ তা মেনে নেয়। মার্কিন বাহিনীর মতে, এই অবরোধ সব দেশের জাহাজের ক্ষেত্রেই সমানভাবে কার্যকর করা হচ্ছে। গাইডেড ক্ষেপণাস্ত্রবাহী যুদ্ধজাহাজগুলো এ অভিযানে ব্যবহৃত হচ্ছে।

এছাড়া ওমান উপসাগরের একটি বন্দর থেকে ছেড়ে আসা দুটি তেলবাহী জাহাজকেও ফিরে যেতে বাধ্য করা হয়েছে। তাদের দাবি, অবরোধ শুরুর পর থেকে এখন পর্যন্ত কোনো জাহাজ হরমুজ প্রণালি অতিক্রম করতে পারেনি।

LENS ASIA